**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ১১ ফেব্রুয়ারি ২০১৬, ২৯ মাঘ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নির্বাচন কমিশনকে নিরপেক্ষভাবে কাজ করার পরামর্শ রাষ্ট্রপতির
২। অতীতের চেয়ে আমি এখন অনেক সতর্ক : প্রধানমন্ত্রী
৩। আরো ইউরোপীয় বিনিয়োগ চেয়েছেন প্রধানমন্ত্রী
ইউরোপীয় পার্লামেন্ট প্রতিনিধি দলের সাক্ষাৎ
৪। গ্যাসের ঘাটতি পূরণে এলএনজি আনা হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী
৫। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ৫০ হাজার টন গম
আমদানিসহ ৯ ক্রয় প্রস্তাব অনুমোদন
৬। ১৬ কৃতী ব্যক্তি পাচ্ছেন একুশে পদক
৭। সাগর-রুনি হত্যার রহস্য শীঘ্রই উদ্ঘাটন হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৮। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের কাজ ২০১৯ সালে শেষ হবে
: সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী
৯। ভুল স্বীকার করে মাহফুজ আনাম সাহসের কাজ করেছেন : বিবিসিকে তথ্যমন্ত্রী
১০। সিম পুনঃনিবন্ধনে অনিয়ম রোধে মাঠে নামছে বিটিআরসি
১১। ঢাকার দুই সিটি করপোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে পদক্ষেপ জানানোর নির্দেশ
দুর্ঘটনায় আহতদের জরুরি সেবা দিতে হবে : হাইকোর্ট
১২। ৩৬তম বিসিএসের প্রিলিমিনারী ফল প্রকাশ
১৩। ১০ পৌরসভায় ভোট গ্রহণ আগামী ২০ মার্চ

চলমান পাতা-২

**১। নির্বাচন কমিশনকে নিরপেক্ষভাবে কাজ করার পরামর্শ রাষ্ট্রপতির**

জনগণের আস্থা রক্ষা এবং নিজেদের সুনাম বজায় রেখে নিরপেক্ষভাবে সাংবিধানিক প্রতিষ্ঠান হিসেবে নির্বাচন কমিশনকে কাজ করার পরামর্শ দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দিন আহমেদের নেতত্বে নির্বাচন কমিশনারগণ বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ পরামর্শ দেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষপৃ,ক.৬)।

**২। অতীতের চেয়ে আমি এখন অনেক সতর্ক : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ঘুরে দাঁড়িয়েছে। বিশ্বের কাছে বাংলাদেশ এখন বিস্ময়। সবদিক দিয়ে দেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে। সরকার পরিচালনার ক্ষেত্রে অতীতের চেয়ে এখন আমি অনেক সতর্ক আছি। নিজস্ব অর্থায়নে পদ্মাসেতু নির্মাণ শুরু করা বাংলাদেশের ইতিহাসের জন্য টার্নিং পয়েন্ট। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে মেধাবী শিক্ষার্থীদের মাঝে ‘বঙ্গবন্ধু ফেলোশিপ ও জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ’ এবং বিজ্ঞান ও গবেষকদের মাঝে বিশেষ অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (শেষপৃ,ক.৬), **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। আরো ইউরোপীয় বিনিয়োগ চেয়েছেন প্রধানমন্ত্রী**
**ইউরোপীয় পার্লামেন্ট প্রতিনিধি দলের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের অধিকতর উন্নয়নে বাংলাদেশের বিভিন্ন খাতে আরো ইউরোপীয় বিনিয়োগ কামনা করেছেন। তিনি বলেন, বাংলাদেশে বিনিয়োগবান্ধব পরিবেশ বিরাজ করছে। আমাদের সরকার ইতোমধ্যে বিদ্যুৎ, অবকাঠামো ও যোগাযোগসহ বিভিন্ন সমস্যা সমাধান করেছে। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার ইউরোপীয় পার্লামেন্টের ৭ সদস্যের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে তার সংসদ ভবন কার্যালয়ে দেখা করতে গেলে তিনি এ অনুরোধ জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপেস** (শেষপৃ,ক.৫)।

**৪। গ্যাসের ঘাটতি পূরণে এলএনজি আনা হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, বিগত সাত বছরে গ্যাসের উৎপাদন উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেলেও চাহিদা অধিক হারে বাড়তে থাকায় সরবরাহের তুলনায় ঘাটতি এখনও প্রায় দৈনিক ৫শ মিলিয়ন ঘনফুট। এ ঘাটতি পূরণের লক্ষ্যে ২০১৭ সালের মধ্যে ৫শ মিলিয়ন ঘনফুট এলএনজি আমদানির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন প্রাকৃতিক গ্যাস বিদ্যুৎ উৎপাদন, সার উৎপাদন, শিল্প, বাণিজ্যিক, সিএনজি এবং গৃহস্থালী কাজে ব্যবহৃত হয়ে থাকে। সরকার সবখাতে গ্যাস ব্যবহারে দক্ষতা বৃদ্ধিসহ এর অপচয় রোধকল্পে এবং গ্যাসের মজুদ বৃদ্ধি করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। এছাড়া পুলিশের বিরুদ্ধে অভিযোগ প্রমাণ হলে শাস্তির ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার জাতীয় সংসদের নবম অধিবেশনের ১৫তম কার্যদিবসে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৬) **ডেইলি স্টার, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫।  **ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ৫০ হাজার টন গম আমদানিসহ ৯ ক্রয় প্রস্তাব অনুমোদন**

আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ৫০ হাজার টন গম আমদানির একটি প্রস্তাবসহ ৬৭৬ কোটি টাকা ব্যয়ে নয়টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার কমিটির চেয়ারম্যান ও অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের অনুপস্থিতিতে শিল্পমন্ত্রী



আমির হোসেন আমুর সভাপতিত্বে এসব প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (পৃ.৯,ক.৬), **প্রথম আলো** (পৃ.১২,ক.১), **ফিনানশিয়াল এক্সপেস** (শেষপৃ,ক.৪)।

৬।  **১৬ কৃতী ব্যক্তি পাচ্ছেন একুশে পদক**

জাতীয় পর্যায়ে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ এ বছর বাংলাদেশের জাতীয় এবং সর্বোচ্চ বেসামরিক পুরস্কার একুশে পদক পাচ্ছে ১৬ জন। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার সংস্কৃতি মন্ত্রণালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে ২০১৬ সালের একুশে পদক পাওয়া ১৬ ব্যক্তির নাম প্রকাশ করা হয়েছে। সংস্কৃতি মন্ত্রণালয়ের সহকারী সচিব মো. জিয়াউদ্দিন ভূঞার স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ২০ ফেব্রুয়ারি রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদক প্রাপ্তদের হাতে পুরস্কার তুলে দেবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

৭।  **সাগর-রুনি হত্যার রহস্য শীঘ্রই উদ্ঘাটন হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, সাংবাদিক সাগর-রুনির হত্যাকাণ্ডের রহস্য অতি শীঘ্রই উদ্‌ঘাটন করা হবে। তিনি বলেন, হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী র‌্যাব এটি তদন্ত করছে। সাংবাদিক দম্পতির নির্মম এ হত্যাকাণ্ডের বিচার অবশ্যই হবে। গতকাল ১০ ফেব্রুয়ারি  বুধবার জয়পুরহাট জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত আইন শৃঙ্খলা কমিটির সভায় স্বরাষ্ট্রমন্ত্রী প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষপৃ,ক.৭) **সংবাদ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮।  **ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের কাজ ২০১৯ সালে শেষ হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানিয়েছেন, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের পাইলিংয়ের কাজ ১০ ভাগ শেষ হয়েছে। এরই মধ্যে ৮১০টি পাইলের মধ্যে ৮৪টির নির্মাণকাজ শেষ। তিনি বলেছেন এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণকাজ ২০১৯ সালে শেষ হবে বলে আশা করছেন নির্মাণ-সংশ্লিষ্টরা। গতকাল ১০ ফেব্রয়ারি বুধবার রাজধানীর কুড়িলে এলিভেটেড এক্সপ্রেসওয়ের কাজ পরিদর্শন শেষে এসব কথা বলেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৪), **সংবাদ** (শেষপৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষপৃ.,ক.৮)।

৯।  **ভুল স্বীকার করে মাহফুজ আনাম সাহসের কাজ করেছেন : বিবিসিকে তথ্যমন্ত্রী**

সেনা গোয়েন্দাদের দেওয়া তথ্য যাচাই না করে ছাপা নিয়ে ভুল স্বীকার করায় ডেইলি ষ্টার সম্পাদক মাহফুজ আনামের প্রশংসা করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। তিনি বলেন মাহফুজ আনাম ভুল স্বীকার করে সাহসের কাজ করেছেন। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার বিবিসি বাংলাকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৬)

১০।  **সিম পুনঃনিবন্ধনে অনিয়ম রোধে মাঠে নামছে বিটিআরসি**

বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল ফোনের  সিমকার্ড পুনঃনিবন্ধন কার্যক্রমে অনিয়ম হচ্ছে কি-না তা

খতিয়ে দেখতে মাঠে নামছে বিটিআরসির মোবাইল টিম। অনিয়মের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট কেউই ছাড় পাবেন না বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার রাজধানীর কয়েকটি এলাকায় সিমকার্ড পুনঃনিবন্ধন কার্যক্রম সরেজমিনে পরির্দশন শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **যায়যায়দিন**(পৃ.৩,ক.৫)।



**১১। ঢাকার দুই সিটি করপোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে পদক্ষেপ জানানোর নির্দেশ**
**দুর্ঘটনায় আহতদের জরুরি সেবা দিতে হবে : হাইকোর্ট**

ঢাকার দুই সিটি করপোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় আইন অনুসারে কী পদক্ষেপ নেওয়া হয়েছে তা প্রতিবেদনে আকারে তিন মাসের মধ্যে আদালতকে জানাতে বলেছেন হাইকোর্ট। একইসঙ্গে এ বিষয়ে শুনানি করতে আগামী ১৯ মে দিন ধার্য করে দিয়েছেন আদালত। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো. ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে রুলসহ এ আদেশ দেন। সূত্র- **সংবাদ** (শেষপৃ.,ক.৩),
**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮), **অবজারভার** (শেষপৃ.,ক.২)।

যে কোনো দুর্ঘটনায় গুরুতর আহত ব্যক্তিদের জরুরি চিকিৎসাসেবা দেওয়ার জন্য দেশের সব হাসপাতালকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একটি রিট আবেদনের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো. ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার এই আদেশ দেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.১৯,ক.২)।

**১২। ৩৬তম বিসিএসের প্রিলিমিনারী ফল প্রকাশ**

৩৬তম বিসিএসের প্রিলিমিনারী পরীক্ষার ফল প্রকাশ করেছে সরকারি কর্মকমিশন। এতে লিখিত পরীক্ষার জন্য উত্তীর্ণ হয়েছে ১৩ হাজার ৮৩০ জন চাকরিপ্রার্থী। পিএসসির পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) আইম নেছার উদ্দিন গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার এ তথ্য জানিয়ে বলেন লিখিত পরীক্ষার সময় পরে জানানো হবে। পিএসসির ওয়েবসাইটের পাশাপাশি মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমেও পরীক্ষার ফল জানা যাবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** ( পৃ.৪,ক.৪), **নিউজ টুডে** (শেষপৃ,ক.১)।

**১৩। ১০ পৌরসভায় ভোট গ্রহণ আগামী ২০ মার্চ**

আগামী ২০ মার্চ ১০টি পৌরসভার ভোট গ্রহণ করা হবে। গতকাল ১০ ফেব্রুয়ারি বুধবার নির্বাচন কমিশন এসব পৌরসভার তফসিল ঘোষণা করেছে। কমিশন সচিবালয়ের এ সম্পর্কিত প্রজ্ঞাপনে বলা হয়েছে, নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন ২২ ফেব্রুয়ারি। মনোনয়নপত্র বাছাই হবে ২৪ ও ২৫ ফেব্রুয়ারি এবং প্রত্যাহারের শেষ সময় আগামী ৪ মার্চ। সূত্র- **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (শেষপৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে ।



**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো** : টিআর, কাবিখা, ওএমএস এসব প্রয়োজনীয় গণমুখী কর্মসূচি অব্যবস্থাপনা ও অনিয়ম দুর্নীতি কারণে ব্যর্থ হওয়ায় উদ্বেগ প্রকাশ করে যাদের ব্যর্থতা ও লোভ-লালসার কারণে রাষ্ট্রের বিরাট অপচয় ঘটেছে তাদের চিহ্নিত করে ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **ইত্তেফাক** : দেশের অভ্যন্তরে ভালো ব্যবসার সাথে সাথে পৃথিবীর ২০টি দেশে বাংলাদেশের ফুল ও ফুলজাত পণ্য রপ্তানি হওয়ার কথা উল্লেখ করে এ খাতের উন্নয়নে আরও কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর

গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** বিভিন্ন পাবলিক পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও জালিয়াতির ঘটনা সমাজে নেতিবাচক প্রভাব ফেলায় এ ব্যাপারে কঠোর পদক্ষেপ কামনা।

ঘ. **সংবাদ :** জ্বালানি তেলের দাম আন্তর্জাতিক বাজারের সাথে সমন্বয় করার সুপারিশ।

ঙ. **ইনকিলাব :** ঢাকা শহরকে অবৈধ দখল-দূষণমুক্ত ও বাসযোগ্য করে তোলার দীর্ঘমেয়াদী ও বাস্তবসম্মত উদ্যোগ নেওয়ার আহ্বান।

চ. **ডেইলি স্টার :** বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারী তরুণদের ৪৯ শতাংশ হয়রানীর শিকার হওয়ার বিষয়ে টেলিনর প্রকাশিত রিপোর্টের পরিপ্রেক্ষিতে পিতামাতা ও শিক্ষকদের এ ব্যাপারে শিশুদের যথাযথ নির্দেশনা দেওয়ার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর বিভিন্ন স্থানে অবৈধ বিদ্যুৎ সংযোগে প্রতিমাসে **১.২৫** কোটি টাকার বিদ্যুৎ অপচয় হওয়ায় এসব অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করার পাশাপাশি নিয়মিত নজরদারির ব্যবস্থা করার সুপারিশ।

জ. **ডেইলি সান :** হাজারীবাগ থেকে সাভারে ট্যানারি শিল্প কারখানা স্থানান্তরের সরকারি উদ্যোগ কঠোরভাবে বাস্তবায়ন করার আহ্বান।

ঝ. **নিউ নেশন :** বেসরকারি বিদ্যালয়গুলো যথাযথসময়ে আদায়কৃত অতিরিক্ত ফি ও ভর্তি ফি  সরকারি নিদের্শ মোতাবেক ফেরত না দিলে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত  যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা

ঞ. **নিউ এজ :** রাজধানী দখলকৃত খেলার মাঠ ও পার্কগুলো দখলমুক্ত করে ব্যবহার উপযোগী করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে এ দেশের অপার সম্ভাবনাময় পার্বত্য এলাকায় সবাই  মিলে শান্তি ও সম্প্রীতির সঙ্গে বসবাস করতে পারলে উন্নয়ন ও উন্নত জীবনযাপন নিশ্চিত করা সম্ভব বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'পুলিশের অর্জন বিচ্ছিন্ন ঘটনায় বিসর্জন হতে পারে'** শিরোনামের নিবন্ধে মোতাহার হোসেন মুক্তিযুদ্ধে মহান ও বীরত্বপূর্ণ পুলিশের অতীত ইতিহাস যাতে কোনো  ভাবেই নস্যাৎ না হয় সেদিকে এ বাহিনীর সতর্ক দৃষ্টি রাখা আবশ্যক বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা